

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 30-04-2025

**Time: 07:55-08:00 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ টেট উত্তীর্ণ ২২৮ জনকে শিক্ষক পদে নিয়োগপত্র প্রদান করেন।
- (২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশ করা হয়েছে।
- (৩) সরকার আসন্ন আদমশুমারিতে জাতিভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে।
- (৪) উত্তরপূর্ব লিটল মাস্টার ট্রফি ক্রিকেটে ত্রিপুরা বানার্স হয়েছে।

CM-Offer Distribution :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে টেট উত্তীর্ণ ২২৮ জনকে শিক্ষক পদে নিয়োগপত্র প্রদান করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার ২০২৫ সালের মার্চ পর্যন্ত স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে ডাইইন হারনেস সহ মোট ১৭ হাজার ৫৫৪ জনকে চাকরি প্রদান করেছে। তাছাড়া নিয়মিত সরকারি চাকরি ছাড়াও চুক্তিভিত্তিক এবং আউটসোর্সিং এর মাধ্যমে ৫ হাজার ৭০০ জনেরও বেশি নিয়োগ করা হয়েছে। এই সময়ের মধ্যে বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরে ২ হাজার ৯০০ জনের বেশি সিকিউরিটি গার্ড নেওয়া হয়েছে। তিনি বলেন স্বচ্ছতার সঙ্গে চাকুরী প্রদান করছে। গত পাঁচ বছরে দক্ষতা উন্নয়ন দপ্তরে ২২ হাজারেরও বেশি যুবক-যুবতীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তাছাড়া রাজ্যের অগ্রগতিতে স্ব-সহায়ক দলগুলিও উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শিক্ষক পদে নিয়োগপত্র প্রাপকদের শুভেচ্ছা জানান।

#####Byte-CM#####

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এনসি শর্মা প্রমুখ। উল্লেখ্য আজ ২২৮ জন চাকুরী প্রাপকদের মধ্যে স্নাতক শিক্ষক পদে ১৬২ জন ও অস্নাতক শিক্ষক পদে ৬৬ জন নিয়োগপত্র পেয়েছেন।

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশ করা হয়েছে। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী এক সাংবাদিক সম্মেলনে জানান, এবছর মাধ্যমিকে ২৫ হাজার ৬৭৩ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৮৬.৫৩ শতাংশ। উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ১৭ হাজার ৫২ জন। পাশের হার ৭৯.২৯ শতাংশ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের শুভেচ্ছা জানিয়েছেন।

পর্ষদ সচিব দুলাল দে জানিয়েছেন পর্ষদ থেকে ৫ এপ্রিল মার্কশিট দেওয়া হবে।

Census :

সরকার আসন্ন আদমশুমারিতে জাতি ভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে রাজনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি এই বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। নতুনদিল্লিতে এই সিদ্ধান্ত সম্পর্কে গণমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, কিছু রাজ্য এটি ভালোভাবে করেছে, আবার কিছু রাজ্য সম্পূর্ণ রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এবং অস্বচ্ছভাবে এই জরিপ করেছে। তিনি বলেন যে এই পদক্ষেপটি প্রমাণ

করে যে নরেন্দ্র মোদী সরকার অতীতের মতো সমাজ ও দেশের মূল্যবোধ এবং স্বার্থের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

#####Byte- Ashwini Vaishnaw#####

শ্রী বৈষ্ণব মন্ত্রী জানান যে অর্থনৈতিক বিষয়ক ক্যাবিনেট কমিটি ২২ হাজার ৮৬৪ কোটি টাকা ব্যয়ে শিলং থেকে শিলচর পর্যন্ত একটি নতুন মহাসড়ক প্রকল্প অনুমোদন করেছে।

Master Cricket :

প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা রানার্স হয়েছে। আজ আসরের ফাইনালে স্বাগতিক আসাম ৪৭ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। আসাম ক্রিকেট এসোসিয়েশনের মাঠে অনুষ্ঠিত খেলায় প্রথমে ব্যাট করতে নেমে আসাম ৪০ ওভারে ৮ উইকেটে ১৮৬ রান করে। জবাবে রাজ্যদল ৩৬ ওভার ৫ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৩৯ রান করতে সক্ষম হয়।
